

সূত্র নং- বিএসইসি/ মুখপত্র/০২/২০২৪/৮২

তারিখ: ১৭ পৌষ ১৪৩১ বঙ্গাব্দ
০১ জানুয়ারি ২০২৫ খ্রিস্টাব্দ

প্রেস বিজ্ঞপ্তি

বিষয়: 'ক্যাপিটাল মার্কেট জার্নালিজম এক্সিলেন্স অ্যাওয়ার্ডস অ্যান্ড ফেলোশিপ' প্রোগ্রাম প্রসঙ্গে।

পুঁজিবাজারের উপর স্বচ্ছ, নির্ভরযোগ্য এবং গবেষণামূলক সাংবাদিকতাকে উৎসাহিত করার উদ্দেশ্যে, বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (বিএসইসি) 'ক্যাপিটাল মার্কেট জার্নালিজম এক্সিলেন্স অ্যাওয়ার্ডস অ্যান্ড ফেলোশিপ' প্রোগ্রাম প্রবর্তনের সিদ্ধান্ত গ্রহণ করেছে। এজন্য "বিএসইসি ক্যাপিটাল মার্কেট জার্নালিজম এক্সিলেন্স অ্যাওয়ার্ডস অ্যান্ড ফেলোশিপ নীতিমালা ২০২৫" নামে একটি নীতিমালা প্রণয়নের উদ্যোগ গ্রহণ করেছে বিএসইসি। এ উদ্যোগের মাধ্যমে বিএসইসি পুঁজিবাজার বিষয়ক সাংবাদিকতায় দায়িত্বশীলতা, নৈতিকতা ও সততাকে উৎসাহিত করতে চায়, যা দেশের পুঁজিবাজার ও সর্বোপরি অর্থনীতির গতিশীলতাকে ইতিবাচকভাবে প্রভাবিত করবে। এই ফেলোশিপ সাংবাদিকদের বৈশ্বিক আর্থিক বাজার সম্পর্কে জ্ঞান বৃদ্ধির সুযোগ প্রদান করবে, তাদের বিশ্লেষণী দক্ষতা বৃদ্ধি করবে এবং নৈতিক সাংবাদিকতার মানদণ্ড নিশ্চিত করতে সহায়তা করবে।

এই অ্যাওয়ার্ডস প্রোগ্রামের আওতায় তিন ক্যাটাগরিতে মোট তিনটি নগদ অর্থ পুরস্কার প্রদান করা হবে এবং পৃথক দুইটি বিশেষ ফেলোশিপ প্রদান করা হবে যার মাধ্যমে স্নানামধ্য বিদেশি প্রতিষ্ঠানে উচ্চতর প্রশিক্ষণে আর্থিক সহায়তা দেওয়া হবে। অ্যাওয়ার্ডস প্রোগ্রামের প্রত্যেক ক্যাটাগরির অ্যাওয়ার্ডস বিজয়ীকে ২,৫০,০০০ (দুই লক্ষ পঞ্চাশ হাজার) টাকার নগদ অর্থ ও একটি ফ্রেস্ট প্রদান করা হবে। এছাড়া, ফেলোশিপ বিজয়ীদের যথাক্রমে ৫ (পাঁচ) লক্ষ টাকা সমমূল্যের এবং ২.৫ (আড়াই) লক্ষ টাকা সমমূল্যের আর্থিক সহায়তা দেওয়া হবে। অ্যাওয়ার্ডস ও ফেলোশিপসমূহ নিম্নরূপ:

(১) অ্যাওয়ার্ডস:

- (ক) প্রিন্ট মিডিয়া ক্যাটাগরির অ্যাওয়ার্ড,
- (খ) ইলেকট্রনিক মিডিয়া ক্যাটাগরির অ্যাওয়ার্ড, ও
- (গ) অনলাইন মিডিয়া ক্যাটাগরির অ্যাওয়ার্ড।


(২) ফেলোশিপ:

- (ক) ৫ (পাঁচ) লক্ষ টাকা সমমূল্যের একটি ফেলোশিপ ও
- (খ) ২.৫ (আড়াই) লক্ষ টাকা সমমূল্যের একটি ফেলোশিপ।

বাংলাদেশ সরকার কর্তৃক নিবন্ধিত ও বাংলাদেশি মালিকানাধীন সংবাদপত্র বা অনলাইন সংবাদ মাধ্যম বা ইলেকট্রনিক মিডিয়াতে নিয়মিতভাবে পুঁজিবাজার বিষয়ক রিপোর্টিং এ নিয়োজিত সাংবাদিকবৃন্দ অ্যাওয়ার্ডস বা ফেলোশিপের এর জন্য আবেদন করতে পারবেন। বিএসইসি কর্তৃক মনোনীত বিশেষজ্ঞ জুরিবোর্ড আবেদনকারীদের প্রদত্ত তথ্য ও প্রস্তাব মূল্যায়ন করবে। অ্যাওয়ার্ডস ও ফেলোশিপ প্রদানকালীন সময়ে কমিশনের আদেশ দ্বারা ৬ সদস্যের সমন্বয়ে জুরিবোর্ড গঠিত হবে। জুরিবোর্ড এর সদস্য থাকবেন: বিএসইসি এর একজন প্রতিনিধি; চেয়ারম্যান, স্টক এক্সচেঞ্জ; বাংলাদেশ একাডেমি ফর সিকিউরিটিজ মার্কেটস (বিএএসএম) এর প্রতিনিধি; চেয়ারম্যান, গণযোগাযোগ ও সাংবাদিকতা বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয় অথবা মনোনীত প্রতিনিধি; ডিন, ব্যবসায় অনুষদ, ঢাকা বিশ্ববিদ্যালয় অথবা মনোনীত প্রতিনিধি এবং মহাপরিচালক, প্রেস ইনস্টিটিউট বাংলাদেশ (পিআইবি) অথবা মনোনীত প্রতিনিধি। জুরিবোর্ড আবেদনকারীদের যোগ্যতা, অভিজ্ঞতা, সংবাদের মান এবং অন্যান্য বিষয়াবলি বিচার করে চূড়ান্তভাবে অ্যাওয়ার্ডস ও ফেলোশিপ বিজয়ী নির্বাচন করবেন।

উল্লেখ্য, 'ক্যাপিটাল মার্কেট জার্নালিজম এক্সিলেন্স অ্যাওয়ার্ডস অ্যান্ড ফেলোশিপ' প্রোগ্রাম চালুকরণের বিষয়ে বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (বিএসইসি) কর্তৃক অতি দ্রুত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (বিএসইসি) এর পক্ষে


মোহাম্মদ রেজাউল করিম
নির্বাহী পরিচালক ও মুখপত্র